

## ■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের পদ্ধতি রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

- (২১) সালাম ফিরানোর পর মাথায় হাত রেখে দু'আ পড়া
- (২১) সালাম ফিরানোর পর মাথায় হাত রেখে দু'আ পড়া :

সালাম ফিরানোর পর মাথায় হাত রেখে দু'আ পড়ার প্রমাণে কোন ছহীহ দলীল নেই। বরং যা বর্ণিত হয়েছে, তার সবই জাল ও যঈফ।

(أ) عَنْ كَثِيْرِ بْنِ سُلَيْمٍ أَبِيْ سَلَمَةَ قَالَ سَمِعْتُ أَنَسًا كَانَ إِذَا صَلَّى مَسَحَ بِيَدِهِ الْيُمْنَى عَلَى رَأْسِهِ وَ يَقُوْلُ بِسْمِ اللهِ الَّذَىٰ لاَ إِلَهَ غَيْرَهُ الرَّحْمَنِ الرَّحِيْمِ اللهُمَّ أَدْهِبْ عَنِّيْ الْهَمَّ وَ الْحُزْنَ.

(ক) কাছীর ইবনু সুলায়মান আবু সালামা বলেন, আমি আনাসের নিকট শুনেছি, রাসূল (ছাঃ) যখন ছালাত আদায় করতেন, তখন ডান হাত তার মাথায় রাখতেন এবং বলতেন, আল্লাহর নামে শুরু করছি যিনি ছাড়া কোন ইলাহ নেই। যিনি পরম করুণাময়, দয়ালু। হে আল্লাহ! আমার থেকে চিন্তা ও শঙ্কা দূর করে দিন।[1]

তাহকীক: বর্ণনাটি জাল। এর সনদে কাছীর বিন সুলাইম নামে রাবী রয়েছে। ইমাম বুখারী ও আবু হাতিম বলেন, সে মুনকার রাবী। শায়খ আলবানী (রহঃ) বলেন, এই হাদীছের সনদ নিতান্তই যঈফ।[2] তিনি আরো বলেন, এটা জাল।[3]

(ب) عَنْ أَنَسِ بْنِ مَالِك قَالَ كَانَ إِذَا قَضَى صَلاَتَهُ مَسَحَ جَبْهَتَهُ بِيَدِهِ الْيُمْنَى ثُمَّ قَالَ أَشْهَدُ أَنْ لاَّ إِلَهَ إِلاَّ اللهُ الرَّحْمَنُ الرَّحِيْمُ اللهُمَّ أَذْهِبْ عَنِّيْ الْهَمَّ وَ الْحُزْنَ.

(খ) আনাস ইবনু মালেক (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) যখন তার ছালাত শেষ করতেন, তখন ডান হাত দ্বারা তার মাথা মাসাহ করতেন এবং উক্ত দু'আ পড়তেন।[4]

তাহকীক: এর সনদ জাল। সালাম আল-মাদাইনী অভিযুক্ত। সে ছিল দীর্ঘ পুরুষ, ডাহা মিথ্যাবাদী।[5] উক্ত মর্মে আরো বর্ণনা আছে।[6] তবে সেগুলোর সনদও জাল।[7] অতএব সালাম ফিরানোর পর মাথায় হাত দিয়ে দু'আ পড়ার প্রথা বর্জন করতে হবে। কারণ জাল হাদীছ দ্বারা কখনো কোন আমল প্রমাণিত হয় না।

## ফুটনোট

- [1]. ত্বাবারাণী, আওসাত্ব হা/৩১৭৮, পৃঃ ৪৫১।
- [2]. هذا سند ضعيف جدا (2]. त्रिनिमिना ছशैशर रा/७७०, २/১১৪-১৫।
- [3]. সিলসিলা ছহীহাহ হা/৬৬০, ২/১১৪-১৫।



- [4]. ইবনুস সুন্নী হা/১১০।
- [5]. و هذا إسناد موضوع و المتهم به سلام المدائني و هو الطويل و هو كذاب সিলসিলা যঈফাহ হা/১০৫৮, ৩/১৭১ পৃঃ।
- [6]. ইবনুস সুন্নী, আমালুল ইয়াওমি ওয়াল লায়লাহ হা/১১০।
- [7]. সিলসিলা যঈফাহ হা/১০৫৯, ৩/১৭২ পৃঃ।
- Source https://www.hadithbd.com/books/link/?id=1936

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন